

চট্টগ্রাম

প্রতিদিন

জুয়েলারি শিল্পে কোয়ান্টাম-এর নতুন টেকনোলজি

নিজস্ব সংবাদদাতা : জুয়েলারি শিল্পে একরে ফুওরেন্সেল এবং লেসার টেকনোলজি প্রয়োগের পথিকৃত কোয়ান্টাম ইকুইপমেন্ট কোম্পানি লিমিটেড পশ্চিমবঙ্গে চালু করল ক্যারাট মিটার ও আরএ সুপার এসডিডি গোল্ড অ্যালয় অ্যানালাইজার। জার্মানির বিশ্ববিখ্যাত বিজ্ঞান গবেষণা সংস্থা ক্রকার ন্যানো গন্ধ-এর সহযোগিতায় কোয়ান্টামের এই উদ্যোগের মাধ্যমে ক্ষুদ্রতিক্ষুদ্র ক্ষেত্রে অ্যালয় অ্যানালাইজ করা সম্ভব হবে। ক্যারাট মিটার ও আরএ সুপার পশ্চিমবঙ্গের জুয়েলারি শিল্পে বর্তমান চাহিদা মেনে তৈরি করা হয়েছে। এর মাধ্যমে সহজে এবং অতি দ্রুত অলঙ্কারের সোনা, রূপো, প্লাটিনাম সহ বিভিন্ন মূল্যবান শংকর ধাতু বিশ্লেষণ করা সম্ভব হবে। জুয়েলারি শিল্পে মূল্যবান ধাতুর ক্যারাট মূল্যায়ন বৈবৰছর ধরেই চালু রয়েছে। এবার ভারতের কোষ্টাম ইকুইপমেন্ট কোম্পানি জার্মান সংস্থার সঙ্গে যৌথভাবে ক্যারাট মিটার ও আরএ সুপার এসডিডি (সিলিকন ড্রিফট ডিটেকটর) গোল্ড অ্যালয় অ্যানালাইজার চালু করার ফলে অলঙ্কার শিল্পে অত্যাধুনিক প্রযুক্তির প্রয়োগ সম্ভব হবে বলে মনে করা হচ্ছে।